



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং শাখা]

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৪.০৬.০০০১.২৫.১১০

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: Robi Axiata Ltd. কর্তৃক আমদানিকৃত 2288X V5 Server নামীয় পণ্যের সঠিক HS Code নির্ধারণ।

সূত্র: কাস্টমস হাউস, ঢাকা এর পত্র নং-৫-কাস-১২(১৯) শুল্কায়ন টিম-৬/২০২৩/৭১৪৫, তারিখ: ০৬/০৬/২০২৪ খ্রিঃ।

আমদানিকারক Robi Axiata Ltd., 53 Gulshan South Avenue, Gulshan-1, Dhaka (BIN: 000000178-0001) কর্তৃক আমদানিকৃত 2288X V5 Server ঘোষণায় পণ্য শুল্কায়নের জন্য বিল অব এন্ট্রি নং সি-১০৮১২, তারিখ: ০৪/০১/২০২৩ খ্রি. দাখিল করা হয়। আমদানিকৃত পণ্যের এইচ এস কোড ঘোষণা করা হয়েছে ৮৪৭১.৫০.০০। পরবর্তীতে কাস্টমস হাউস, ঢাকা কর্তৃক পণ্যের বর্ণনা এবং নমুনা ইত্যাদি পর্যালোচনা করে এইচ এস কোড ৮৫১৭.৬২.৯০ নির্ধারণ করা হলে আমদানিকারক উক্ত সিদ্ধান্তের সাথে দ্বিমত পোষণ করেন। বর্ণিত অবস্থায়, কাস্টমস হাউস, ঢাকা কর্তৃক পণ্যটির সঠিক এইচ এস কোড নির্ধারণের জন্য সূত্রীয় পত্র মারফত অনুরোধ করা হয়। বিবেচ্য বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপ:


| ক্রঃ নং | বিষয় | বিবরণ |
|---------|------------------------------------|------------------------------------|
| ১. | বিল অব এন্ট্রি নং | সি-১০৮১২, তারিখ: ০৪/০১/২০২৩ |
| ২. | সংশ্লিষ্ট কাস্টমস হাউস | কাস্টমস হাউস, ঢাকা |
| ৩. | আমদানিকারকের নাম ও BIN | Robi Axiata Ltd. 000000178-0001 |
| ৪. | পণ্যের বাণিজ্যিক নাম | 2288X V5 Server |
| ৫. | আমদানিকারক কর্তৃক ঘোষিত এইচএস কোড | ৮৪৭১.৫০.০০ |
| ৬. | কাস্টমস হাউসের নির্ধারিত এইচএস কোড | ৮৫১৭.৬২.৯০ |

০২। **পর্যালোচনা ও সিদ্ধান্ত:**

আমদানিকারক ROBI AXIATA LTD কর্তৃক SINGAPORE হতে 2288X V5 SERVER নামীয় পণ্য আমদানি করা হয়। যার বি/ই নং: সি-১০৮১২ তারিখ: ০৪/০১/২০২৩ খ্রিঃ এ দাখিল করা হয়। আলোচ্য পণ্যটির দাখিলকৃত ক্যাটালগ থেকে দেখা যায় আমদানীকৃত পণ্যচালানটি 2288X V5S SERVER that supports various configurations and can be widely applied to scenarios such as cloud computing, virtualization, databases, and big data. It can be configured with 2 Intel Xeon Scalable processors এবং যার Configurations হলো: Supports 2 x 10GE LAN on motherboard (LOM) ports and 2 onboard OCP 2.0 mezzanine cards, meeting the networking requirements of 98% scenarios with streamlined configuration. অর্থাৎ আলোচ্য আমদানীকৃত পণ্যচালানটিতে Data Transmit & Receiving সক্ষমতা আছে।

Explanatory Notes এবং কাস্টমস ট্যারিফ চ্যাপ্টার ৮৪ এর চ্যাপ্টার নোট 6 (D) (ii) অনুযায়ী Heading 84.71 does not cover the following when presented separately even if they meet all of the conditions data forth in Note 6(c): (ii) Apparatus for transmission. or reception of voice, images or other data, including apparatus for communication in wired or wireless network (such as a local or wide are network) [Note 6(c): A unit is to be regarded as being part of an automatic data processing system if it meets all of the following conditions; (i) It is of a kind solely or principally used in an automatic data processing system; (ii) It is connectable to the central processing unit either directly or through one or other units; (iii) It is able to accept or deliver data in a form (codes or signals) which can be used by the system] অর্থাৎ, আমদানিকারকের পণ্যটিতে Data Transmit & Receiving সক্ষমতা থাকায় Heading 85.17 এর অধীন শ্রেণীবিন্যাসযোগ্য।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, BCT, Explanatory Notes এর ব্যাখ্যা এবং GIR Rule 1 & 6 অনুযায়ী 2288X V5 Server নামীয় পণ্যটি HS Code 8517.62.90 এ শ্রেণীবিন্যাসযোগ্য হবে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।



০৭-১২-২০২৫

তানভীর আহমেদ

দ্বিতীয় সচিব (কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড
অ্যাডভান্স রুলিং)


কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৪.০৬.০০০১.২৫.১১০/১ (৯)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও/মোংলা।
- ২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/(আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমসস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমসস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৬। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। প্রথম সচিব, কাস্টমস নীতি ও বাজেট অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। দ্বিতীয় সচিব, কাস্টমস নীতি ও বাজেট শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৯। Managing Director, Robi Axiata Ltd. 53 Gulshan South Avenue, Gulshan-1, Dhaka।



০৭-১২-২০২৫

তানভীর আহমেদ

দ্বিতীয় সচিব